# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯. ৪. ১১. শত্রুদের রক্তের মধ্যে হেটে বেড়ানো

শত্রুদের ও পাপীদের মস্তক চূর্ণ করাই ঈশ্বরের পরিচয় এবং শত্রুদের রক্তের মধ্যে পা ডুবিয়ে হেঁটে বেড়ানোই ঈশ্বরের প্রিয় ঈমানদার ধার্মিকদের কর্ম।

“ঈশ্বর অবশ্যই আপন শত্রুগণের মস্তক ও কুপথগামীর সকেশ-কপাল চূর্ণ করিবেন। প্রভু কহিলেন, আমি বাশন হইতে পুনর্বার আনিব, সমুদ্রের গভীর তল হইতে [তাহাদিগকে] পুনর্বার আনিব, যেন তোমার চরণ রক্তে ডুবাইতে পার, যেন তোমার কুকুরদের জিহবা [তোমার শত্রুগণ হইতে অংশ পায়]।” কি. মো.-০৬ “আল্লাহ নিঃসন্দেহে তাঁর শত্রুদের মাথা চুরমার করে দেবেন; যারা গুনাহে পড়ে থাকে সেই সব লোকদের চুলে ভরা মাথা তিনি চুরমার করে দেবেন। দ্বীন-দুনিয়ার মালিক বললেন, আমি বাশন দেশ থেকে তাদের নিয়ে আসব, সমুদ্রের তলা থেকে তাদের তুলে আনব, যাতে তোমার পা তোমার শত্রুদের রক্ত দলে যায় আর তোমার কুকুরগুলো যেন তা ইচ্ছামত চেটে খেতে পারে।” (গীতসংহিতা/ জবুর ৬৮/২১-২৩)

সুপ্রিয় পাঠক, কেউ যদি এ কথাগুলোকে ঈশ্বরের বাণী বলে বিশ্বাস করেন তবে তার জন্য শত্রুকে ও পাপীকে এভাবে আঘাত করা ও রক্তে পা ডুবানো আকর্ষণীয় ধর্মীয় কর্মে পরিণত হয়। তিনি সহজেই কাউকে নিজের শত্রু বা ঈশ্বরের শত্রু হিসেবে গণ্য করে তাকে এভাবে আঘাত করতে এবং তার রক্তের মধ্যে পা ডুবাতে পারেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14556

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন